



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

মুরারিচাঁদ কলেজ, সিলেট

ফোন- ০২৯৯৬৬৪১৬৩৪, মোবাইল-০১৭০১-৪৫০৮২০

website : www.mccollege.edu.bd

email : m.c.college_sylhet@live.com



তারিখ: ১৫.১২.২০২১ খ্রি.

সংশোধিত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং- ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০২৬.২০২১-২৭৯, তারিখ ২ ডিসেম্বর ২০২১ খ্রি. ও মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা'র স্মারক নং- ৩৭.০২.০০০০.১০১.২৩.০০২.২০.২৩৩৪১/১২, তারিখ- ৬ ডিসেম্বর ২০২১ খ্রি. নির্দেশনা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনা ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ বিকাল ৪.৩০ মিনিটে বঙ্গবন্ধুর আদর্শের শিখায় আলোকিত এবং মহান মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত করার মহতী লক্ষ্যে বিজয়ের সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষের এ মাহেন্দ্রক্ষণে জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজা হতে দেশব্যাপী শপথ অনুষ্ঠান পরিচালনা করবেন। এমতাবস্থায় উক্ত শপথ অনুষ্ঠানের সাথে মিল রেখে স্বাস্থ্যবিধি প্রতিপালন করে অংশগ্রহণের জন্য ১৬ ডিসেম্বর ২০২১ খ্রি. বিকাল ৪.১৫ মিনিটে মধ্যে শিক্ষক-শিক্ষার্থী-কর্মচারীবৃন্দকে কলেজের প্রধান গেইট-এ উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শপথ পরিচালনায় শপথ গ্রহণকারী সকলেই কলেজ প্রশাসন কর্তৃক সরবরাহকৃত জাতীয় পতাকা হাতে রেখে শপথ বাক্য পাঠ করবেন। উল্লেখ্য যে, উচ্চমাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদেরকে কলেজ ইউনিফর্ম পরিধান করে যথাসময়ে কলেজে উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।


অধ্যক্ষ

মুরারিচাঁদ কলেজ, সিলেট

Principal

Murarichand College, Sylhet.